# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

اعرض هذه الوثيقة باللغة العربية | এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন | 查看本文件的中文版
Consultez ce document en français | Gade dokiman sa a an kreyòl ayisyen | 이 문서를 한국어로 보기
Consulte este documento en español | یہ دستاویز اردو میں ملاحظہ کریں | Перевод документа на русский язык

schools.nyc.gov/MessagesForFamilies

## ফেব্রুয়ারি 2025

পরিবারের এই সর্বসাম্প্রতিক তথ্যে রয়েছে সামার রাইজিং 2025, বার্ষিক NYC স্কুল সংক্রান্ত জরিপ, এডুকেশন কাউন্সিল নির্বাচন, রেসপেক্ট ফর অল উইক, এবং নথিভুক্তি বা এনরোলমেন্ট সংক্রান্ত উল্লেখযোগ্য তথ্য।

---

## বিষয়সূচি


- সামার রাইজিং
  - মাইস্কুলস্-এ আবেদনপত্র
  - IEP-যুক্ত অথবা 504 প্ল্যান-যুক্ত শিক্ষার্থীবৃন্দ
- NYC স্কুল সংক্রান্ত জরিপ
- এডুকেশন কাউন্সিল নির্বাচন
- 'সবার জন্য মর্যাদা' সপ্তাহ
- ভর্তি বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য
  - 3-K এবং প্রি-K আবেদনের সময়সীমা
  - হাই স্কুলে ভর্তির অফারসমূহ


---

## সামার রাইজিং

সামার রাইজিং 2025-এর জন্য ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট (DYCD)-এর সাথে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) আবারো অংশীদারিত্ব করার জন্য অধীর অপেক্ষায় রয়েছে। সামার রাইজিং এলিমেন্টারি এবং মিডল্ স্কুলের শিক্ষার্থীদেরকে আনন্দদায়ক, হাতে-কলমে অভিজ্ঞতার সাথে সংযুক্ত করার মাধ্যমে তাদের শিক্ষায়তনিক, সামাজিক, এবং মানসিক দক্ষতাসমূহ বলিষ্ঠ করে। সামার রাইজিং **বিনা খরচে** দেয়া হয়, এবং বর্তমান কিন্ডারগার্টেন থেকে অষ্টম (8) গ্রেডের যেকোনো NYC শিক্ষার্থীর জন্য উন্মুক্ত।

K–5 গ্রেড:

- প্রোগ্রামটি চলবে 2 **জুলাই থেকে** 15 **অগাস্ট**, 2025, **সোমবার থেকে** **শুক্রবার**, 8:00 a.m. **থেকে** 6:00 p.m. **পর্যন্ত**।

6–8 গ্রেড:

- প্রোগ্রামটি চলবে 2 **জুলাই থেকে** 8 **অগাস্ট**, 2025, **সোমবার থেকে** **শুক্রবার**, 8:00 a.m. **থেকে** 6:00 p.m. **পর্যন্ত**।

শিক্ষার্থীদেরকে বিনা খরচে ব্রেকফাস্ট এবং লাঞ্চ দেয়া হবে। কর্মসূচিতে শিক্ষকমণ্ডলীকে অন্তর্ভুক্ত করা হবে, যাদের নেতৃত্ব দেবেন NYCPS-এর স্টাফ এবং সমৃদ্ধিমূলক বিভিন্ন কর্মকাণ্ডের আয়োজন করবে DYCD কমিউনিটি ভিত্তিক সংগঠনসমূহ (CBOs)।

## মাইস্কুলস্-এ সামার রাইজিং-এর আবেদন

আবেদন গ্রহণ **4 মার্চ** শুরু হবে এবং **28 মার্চ, 2025** শেষ হবে। 2024 সালের মতোই, পরিবারেরা আমাদের অনলাইন ডিরেক্টরি ও আবেদন প্রক্রিয়া - **মাইস্কুলস্**, ব্যবহার করে সামার রাইজিং-এ আবেদন করতে পারবেন।

আবেদন করতে MySchools.nyc -এ লগ ইন করুন (আপনার ইতোমধ্যেই একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট থাকলে, নতুন একটি তৈরি করতে হবে না)। আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট ভর্তি প্রক্রিয়ার জন্য ব্যবহৃত হয়, যা আপনার সন্তানের স্বাস্থ্য বিষয়ক ফর্ম অথবা জরুরি পরিস্থিতিতে যোগাযোগের তথ্য হালনাগাদ করতে ব্যবহৃত NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA) থেকে ভিন্ন।

আপনি যদি আগে মাইস্কুলস্ ব্যবহার করে সামার রাইজিং, 3-K/প্রি-K প্রোগ্রাম, অথবা NYCPS স্কুলস্-এ আবেদন করে থাকেন, তবে আপনার সন্তান হয়তো আপনার অ্যাকাউন্টে ইতোমধ্যে যুক্ত আছে। আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট না থাকলে, আপনি MySchools.nyc -এ আপনার ইমেইল ঠিকানা, আপনার সন্তানের 9-রাশির শিক্ষার্থী আইডি (স্টুডেন্ট ID) নম্বর, এবং একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরির অনন্য কোড - যা আপনি আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করে পেতে পারেন - তা ব্যবহার করে একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করতে পারেন।

পরিবারেরা যতগুলো খুশি প্রোগ্রাম তাদের আবেদনে তালিকাবদ্ধ করতে পারেন; এবং আপনার পছন্দের একটি প্রোগ্রামে আসন লাভের সুযোগ পাবার সম্ভাবনা বৃদ্ধি করতে আপনাকে যত বেশি সম্ভব প্রোগ্রাম তালিকাবদ্ধ করতে সুপারিশ করছি।

এই প্রক্রিয়া আগে আসলে আগে পাবেন ভিত্তিতে **নয়**; সময়সীমার মধ্যে গৃহীত সব আবেদনকে সমান মর্যাদা দেয়া হবে। পরিবারেরা আবেদনের সময়সীমার মাঝে যেকোনো সময় তাদের আবেদনপত্র পরিবর্তন করতে পারেন।

আপনার কোনও প্রশ্ন থাকলে অথবা আবেদনপত্রে সহায়তা প্রয়োজন হলে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট schools.nyc.gov/SummerRising দেখুন, আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন, অথবা summer@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

## ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) এবং 504 প্ল্যান যুক্ত শিক্ষার্থীবৃন্দ

যেসব শিক্ষার্থী **12-মাস/দীর্ঘায়িত শিক্ষা বছর (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY)** স্পেশাল ক্লাস, নেস্ট অথবা হরাইজন প্রোগ্রামগুলোতে অংশগ্রহণ করছে, তারা তাদের IEP-এ সুপারিশকৃত প্রোগ্রাম ও পরিষেবাগুলো এক্সটেন্ডেড স্কুল ইয়ার (ESY), ডিস্ট্রিক্ট 75, অথবা নেস্ট বা হরাইজন সামার প্রোগ্রাম সাইটে পাবে। যেসব পরিবার সামার রাইজিং-এর মাধ্যমে IEP প্রোগ্রাম *এবং* দীর্ঘায়িত-দিবস বা এক্সটেন্ডেড ডে CBO-পরিচালিত সমৃদ্ধির সুযোগ লাভের আশা করেন, তাদেরকে মাইস্কুলস্ আবেদনের পোর্টাল ব্যবহার করা উচিত। এসব পরিবার সামার রাইজিং-এর আসন প্রাপ্তিতে অগ্রাধিকার পাবে এবং তারা তাদের IEP প্রোগ্রামের সংশ্লিষ্ট CBO প্রোগ্রাম(সমূহ) থেকে বেছে নেবেন।

আপনি আপনার সন্তানের জন্য দীর্ঘায়িত-দিবসের (এক্সটেন্ডেড ডে) সমৃদ্ধি পেতে না চান, এবং আপনার সন্তান শুধুমাত্র নেস্ট অথবা হরাইজন প্রোগ্রামে (12 p.m. পর্যন্ত), D75 (2:30 p.m. পর্যন্ত), অথবা ESY প্রোগ্রামে (2:00 p.m. পর্যন্ত) অংশগ্রহণ করে, তাহলে আপনার মাইস্কুলস্ ব্যবহার করার পরিবর্তে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করা উচিত।

যেসব শিক্ষার্থীর সামার রাইজিং-এ অংশগ্রহণের জন্য বিশেষ সহায়তা প্রয়োজন, যেমন একজন প্যারাপ্রফেশনাল অথবা নার্স, তারা তাদের স্বতন্ত্র চাহিদার ভিত্তিতে সহায়তা পাবে।

---

# 2025 NYC স্কুল সংক্রান্ত জরিপ

**10 ফেব্রুয়ারি, 2025** থেকে শুরু করে NYCPS বার্ষিক **NYC স্কুল সংক্রান্ত জরিপের** আয়োজন করবে। বিগত 19 বছর যাবত বার্ষিকভাবে ধার্য NYC স্কুল সংক্রান্ত জরিপটি সিটির পাবলিক স্কুলের পরিবার, শিক্ষক, 6–12 গ্রেডের শিক্ষার্থী, এবং সুনির্দিষ্ট স্টাফ সদস্যকে নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলো সম্পর্কে তাদের ব্যক্তিগত অভিজ্ঞতার উপর মতামত প্রদান করতে বলা হয়। এই মতামত, যা গোপন রাখা হবে, স্কুলগুলোকে শিক্ষার্থী ও কমিউনিটির সদস্যদের চাহিদা আরও ভালোভাবে বুঝতে এবং তাদের শিক্ষা-পরিবেশ, শিক্ষাবিদ, পাঠ্যক্রম, সহায়তা পরিষেবা ও বিবিধ বিষয় সম্পর্কে ভাবতে সহায়তা করে। স্কুলের নেতৃবৃন্দ এরপর এই মতামত তাদের স্কুল ও অফারকৃত প্রোগ্রাম উন্নয়নে সহায়তার লক্ষ্যে ব্যবহার করতে পারেন।

জরিপটি দেখতে এবং পূরণ করতে, 10 ফেব্রুয়ারি থেকে শুরু করে schoolsaccount.nyc -এ অবস্থিত আপনার অফিশিয়াল NYCSA -তে লগ ইন করুন। এছাড়াও আপনি কাগজে বা অনলাইনে জরিপটি পূরণের নির্দেশাবলী সহ জরিপের একটি মুদ্রিত কপি পাবেন।

2025 জরিপটি **4 এপ্রিল, 2025** সমাপ্ত হবে। 2025 NYC স্কুল সংক্রান্ত জরিপ সম্পর্কে আরও জানতে nycschoolsurvey.org দেখুন।

---

## কমিউনিটি এবং সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল নির্বাচন 2025

আপনি সিটির শিক্ষার্থীদের শিক্ষায় প্রভাব বিস্তারকারী বিভিন্ন নীতি ও অগ্রাধিকার নির্ধারণে সহায়তা করতে আগ্রহী হলে, একটি এডুকেশন কাউন্সিলে যোগদান করার বিষয়টি বিবেচনা করুন! 2025–2027 মেয়াদের জন্য নির্বাচন করতে পিতামাতাগণ **রবিবার, 16 ফেব্রুয়ারি, 2025** পর্যন্ত আবেদন করতে পারেন। আবেদনপত্র আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট-এর (schoolsaccount.nyc) মাধ্যমে পূরণ করতে হবে এবং এটি পূরণ করতে মাত্র 5–10 মিনিট লাগবে! প্রতিটি কাউন্সিলে একটি আসনে কে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে সেবিষয়ে আরও তথ্যের জন্য যোগ্যতার যাচাই-তালিকা (চেকলিস্ট), নির্বাচনী গাইড, এবং schools.nyc.gov/Elections2025-এ বহুল-জিজ্ঞাসিত প্রশ্নাবলী পর্যালোচনা করুন।

আপনার আবেদনপত্র পূরণ করতে আপনার নামে আপনার একটি নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA) তৈরি করা প্রয়োজন হবে। এছাড়াও আপনি আপনার ডিস্ট্রিক্ট-এর প্রার্থীদের ভোট দিতে আপনার NYCSA অ্যাকাউন্টটি ব্যবহার করবেন, সেজন্যে আপনার অ্যাকাউন্ট তৈরি করে এখনই আপনা প্রস্তুত হওয়া গুরুত্বপূর্ণ—কীভাবে করবেন, তা জানতে দেখুন: schools.nyc.com/NYCSA।

---

## 'সবার জন্য মর্যাদা' সপ্তাহ

এ বছর 'সবার জন্য মর্যাদা' (রেসপেক্ট ফর অল) সপ্তাহ **10–14 ফেব্রুয়ারি, 2025** পালন করা হবে! সপ্তাহ জুড়ে সিটির স্কুলগুলো শিক্ষার্থী, স্টাফ সহায়তাদানের ও কমিউনিটিগুলোকে বৈচিত্র্যময়তা আরও ভালোভাবে বুঝতে পারার জন্য চলমান প্রোগ্রামগুলোকে তুলে ধরবে এবং উন্নত করবে। অতিরিক্তভাবে, শিক্ষার্থীরা সেসব অনুশীলনী ও কর্মকাণ্ডে অংশগ্রহণ করবে যেগুলো মাস্তানি (বুলিং), হুমকি, এবং পক্ষপাত-দুষ্ট হয়রানি রোধের প্রতি মনোনিবেশ করবে এবং শুক্রবার, 14 ফেব্রুয়ারি 'কেউ একা খেতে বসবে না' (নো ওয়ান ইটস্ অ্যালোন) দিবস পালনের মধ্য দিয়ে সমাপ্ত হবে।

রেসপেক্ট ফর অল সপ্তাহ সম্পর্কে আরও জানতে এবং বুলি ও হয়রানির বিরুদ্ধে রুখে দাঁড়াতে NYCPS-এর বিভিন্ন উদ্যোগ ও তথ্য-সংস্থান সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে schools.nyc.gov/RespectForAll দেখুন।

---

## ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখসমূহ

2025 শিক্ষা বছরের শুরুতে রয়েছে আমাদের সর্বকনিষ্ঠ শিক্ষার্থীদের 2025-এ হেমন্তে স্কুলে নথিভুক্ত বা এনরোল হওয়া সংক্রান্ত ভর্তি বিষয়ক গুরুত্বপূর্ণ তারিখসমূহ।

### 3-K এবং প্রি-K আবেদনের সময়সীমা

আপনার আবেদনপত্র **শুক্রবার, 28 ফেব্রুয়ারি, 2025** তারিখের মধ্যে জমা দিতে ভুলবেন না! যদি আপনার সন্তান 2022 সালে জন্মগ্রহণ করে থাকে, তবে সে এই হেমন্তে 3-K-তে ভর্তি হতে পারে। যদি আপনার সন্তান 2022 সালে জন্মগ্রহণ করে থাকে, তবে সে এই হেমন্তে প্রি-K-তে ভর্তি হতে পারে।

সিটির বিনাখরচের 3-K এবং প্রি-K শিক্ষা সম্পর্কে আরও জানতে, কীভাবে আপনার নিকটবর্তী প্রোগ্রাম খুঁজে পাওয়া যায়, এবং কীভাবে আবেদন করা যায় তা জানতে আমাদের ওয়েবসাইট schools.nyc.gov/3K এবং schools.nyc.gov/PreK দেখুন, -এ তালিকাভুক্ত আমাদের এলিমেন্টারি ভর্তির ভার্চুয়াল অনুষ্ঠানগুলির কোনো একটিতে যোগ দিন schools.nyc.gov/ESEvents।

## হাই স্কুলে ভর্তির অফারসমূহ

আপনার সন্তান 2025-এর ফল-এর (হেমন্তের) জন্য 9 ডিসেম্বর, 2024-এর সময়সীমার মধ্যে হাই স্কুলে আবেদন করে থাকলে আপনি **6 মার্চ, 2025**-এর মধ্যে তার হাই স্কুলে ভর্তির অফার পাবেন। অফার ও অপেক্ষা-তালিকা (প্রযোজ্য হলে) দেখার পাশাপাশি পরবর্তী পদক্ষেপসমূহ জানতে আপনাকে ইমেইলের মাধ্যমে আপনার **মাইস্কুলস্** অ্যাকাউন্টে লগ ইন করতে বলা হবে। অফার কীভাবে দেয়া হয় এবং এরপর কী করতে হবে, তা জানতে schools.nyc.gov/HS দেখুন।